# স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

## বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ৩

### বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। বিদ্যাপতির বৈষ্ণব পদে রাজসভার কবিসুলভ যে-বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়, দৃষ্টান্তসহ তার পরিচয় দাও। ১০

২। 'বিদ্যাপতি সৌন্দর্যসাধনার কবি।—মন্তব্যটির সারবত্তা বিচার করো। ১০

৩। 'চণ্ডীদাসের রাধা পূর্বরাগেই কৃষ্ণবিরহিণী।'— আলোচনা করো। ১০

**একক - ২**

৪। ধর্মভাববিবর্জিত আখ্যানকাব্য হিসেবে দৌলত কাজীর 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যগ্রন্থের বিচার করো। ১০

৫। 'চন্দ্রানীর প্রেম তার মর্ত্যসীমাকে অতিক্রম করতে পারে নি।'— এই মন্তব্যের আলোকে লোরক ও চন্দ্রানীর পারস্পরিক সম্পর্ক আলোচনা করো। ১০

৬। 'লোরচন্দ্রানী ও সতীময়না' কাব্যগ্রন্থে ময়নার বারমাসী অংশটির গুরুত্ব বিচার করো। ১০

**একক - ৩**

৭। 'রূপরামের ধর্মমঙ্গল বীররসের কাব্য।'— বিচার করো। ১০

৮। নারীচরিত্রচিত্রণে রূপরামের কৃতিত্বের পরিচয় দাও। ১০

৯। রূপরামের ধর্মমঙ্গল কাব্যে সমকালীন জীবনের যে-চিত্র পাওয়া যায় তার বর্ণনা দাও। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) রাজা শিবসিংহের চারজন মহিষীর নাম লেখো।

(খ) চণ্ডীদাসের আক্ষেপানুরাগের পদের দুটি বৈশিষ্ট্য লেখো।

(গ) দৌলত কাজী কার অনুরোধে কাব্য রচনা করেন ? তাঁর কাব্যরচনার কাল নিরূপণ করো।

(ঘ) ময়নার বারমাসী কোন্ মাসের ঘটনায় কেন শেষ হয়েছে ?

(ঙ) 'নবখণ্ড' সাধনা কী ?

(চ) সুরীক্ষা ও নয়ানী কোন্ কাব্যের কোন্ পালার চরিত্র ?